দৈনিক ইনকিলাব 379

তারিখ APR. 1 1 1999
পৃষ্ঠা 7 কলাম 4

ঢাঃ বিঃ ভিসির পদত্যাগ দাবী

# ক্যাম্পাসে ছাত্রলীগের আধিপত্য বজায় রাখতে সরকার খুনীদের হাতে হলগুলো ছেড়ে দিয়েছে

—ছাত্রদল

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে বহিরাগত সন্ত্রাসীদের সন্ত্রাসের প্রতিবাদে গতকাল (শনিবার) ভাইস

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

**ছাত্র দল** প্রথম পৃষ্ঠার পর

চ্যান্সেলরের কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শনকালে জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টু বলেছেন, সরকার ক্যাম্পাসে ছাত্রলীগের আধিপত্য বজায় রাখতে হলগুলোকে অছাত্র, খুনী, সন্ত্রাসী, ছিনতাইকারী ও ফেনসিডিল ব্যবসায়ীদের হাতে ছেড়ে দিয়েছে। আওয়ামী ভিসি হলে টোকাইদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় মদদ যোগাচ্ছেন। প্রশাসনের মদদ না থাকলে ছাত্রলীগের বহিরাগত অছাত্র সন্ত্রাসীরা হল থেকে পুলিশকে বিতাড়িত করতে পারতো না। তিনি বলেন, ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয় পরিচালনায় সম্পূর্ণ ব্যর্থ। হলে ফেনসিডিল ব্যবসার সুযোগ করে দিয়ে ভিসি শিক্ষার পরিবেশ কলুষিত করে দিয়েছেন। তাই এই ভিসির আর তার পদে থাকার অধিকার নেই। তিনি ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করেন।

সমাবেশের আগে ছাত্রদলের একটি বিক্ষোভ মিছিল মধুর ক্যান্টিন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে। ভিসি অফিসের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা মনোয়ার হোসেন রানা, মাহবুবুল হক নান্নু, সালাউদ্দিন টুকু, তকদীর হোসেন স্বপন, আনসার আলী খান জয়, আবদুল বারী ড্যানী, ফরহাদ হোসেন আজাদ, মোস্তাফিজুল ইসলাম মামুন, নুরুল ইসলাম নয়ন প্রমুখ।

সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ পুলিশের উপর গুলী বর্ষণকারী জহুরুল হক হলের ছাত্রলীগ সন্ত্রাসী, ছিনতাইকারী, মাদক ব্যবসায়ীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবী জানান। তারা গ্রেফতারকৃত বিএনপি নেতা আলমগীর কবির এমপি, ছাত্রদল নেতা সাইদুর রহমান নিউটন, ইসহাক সরকার, সোবহানসহ সকলের অবিলম্বে মুক্তি দাবী করেন।

### সাংগঠনিক সফর

ছাত্রদল সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টু আগামীকাল (সোমবার) থেকে ৫ দিন সিলেট ও চট্টগ্রামে সাংগঠনিক সফর করবেন। তিনি আগামীকাল সিলেটে এবং ১৩ থেকে ১৬ এপ্রিল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, মহানগরী ও জেলা শাখার নেতা-কর্মীদের সাথে আলোচনায় মিলিত হবেন। ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহী ও সহ-সভাপতি মনোয়ার হোসেন রানা এ সফরে অংশ নেবেন।